গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ব্যয় নিয়ন্ত্রণ-৫ অধিশাখা

নং-অম/অবি/ব্যঃনিঃ-৫/বিবিধ-১/২০০৭/৫৯৭      তারিখ ঃ ০৭-০৮-২০০৮ ইং।

বিষয়ঃ আউট সোর্সিং (Out Sourcing) সংক্রান্ত নীতিমালা।

সরকারী দপ্তর, স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, বিভিন্ন কর্পোরেশন এবং প্রকল্পসমূহে আউট সোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণের লক্ষ্যে এতদবিষয়ে সরকার নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করলেন, যথা ঃ

১। সংক্ষিপ্ত শিরনামা।- এ নীতিমালা "আউট সোর্সিং (Out Sourcing)" এর মাধ্যমে "সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" নামে অভিহিত হবে।

২। সংজ্ঞা।- বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকলে, এ নীতিমালায়-

(ক) "কর্তৃপক্ষ" বলতে সেবা গ্রহণকারী সংস্থার নিয়োগবিধিতে বর্ণিত নিয়োগকারী কর্তৃপক্ষ বুঝাবে। প্রকল্পের ক্ষেত্রে প্রকল্পের পিপি/ডিপিপি/টিএপিপিতে বর্ণিত নিয়োগকারী কর্তৃপক্ষ বুঝাবে;

(খ) " স্বীকৃত প্রতিষ্ঠান" বলতে সরকার বা সরকার কর্তৃক প্রদত্ত ক্ষমতাসম্পন্ন কোন প্রতিষ্ঠান কর্তৃক অনুমোদিত রেজিষ্টার্ড প্রতিষ্ঠান বুঝাবে;

(গ) " নিয়োগবিধি" বলতে সেবা গ্রহণকারী কর্তৃপক্ষের জন্য প্রযোজ্য নিয়োগ বিধিমালা/প্রবিধানমালা বুঝাবে।

৩। সেবা গ্রহণের ক্ষেত্রে ঃ

" আউট সোর্সিং(Out Sourcing) এর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়গুলো অনুসরণযোগ্য হবে ঃ

(ক) আউট সোর্সিং এর মাধ্যমে যে সব পদের বিপরীতে সেবা গ্রহণ করা হবে ঐসব পদের মাধ্যমে সেবা গ্রহণের বিষয়টি সংশ্লিষ্ট নিয়োগবিধিতে এবং প্রকল্পের ক্ষেত্রে প্রকল্পে পিপি/ ডিপিপি/টিএপিপিতে সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে;

(খ) যে সমস্ত পদ আউট সোর্সিং এর জন্য চিহ্নিত হবে সে সকল পদে স্থায়ী, অস্থায়ী বা সাময়িক কোনরূপ নিয়োগ দেয়া যাবে না;

(গ) সংস্থাপন মন্ত্রণালয় এবং অর্থ বিভাগের সম্মতিক্রমে যে কোন সংস্থা আউট সোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণ করতে পারবে;

(ঘ) কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে আউট সোর্সিং এর মাধ্যমে তৃতীয় ও চতুর্থ শ্রেনীর যে কোন পদের সেবা গ্রহণের প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে প্রেরণ করতে পারবে;

৪। সেবা গ্রহণের মেয়াদ ঃ -

দৈনিক/মাসিক/বাৎসরিক ভিত্তিতে প্রতিযোগিতামূলক মূল্যে স্বীকৃত প্রতিষ্ঠান হতে সেবা গ্রহণ করা যাবে।

৫। নিয়োগের জন্য বয়সসীমা ঃ-

আউট সোর্সিং (Out-Sourcing) এর মাধ্যমে স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহকৃত ৪র্থ শ্রেনীর সমপর্যায়ের জনবলের বয়স সর্বনিম্ন ১৮ (আঠার) ও অনধিক ৬০ (ষাট) বছর হবে। ৪র্থ শ্রেনী ব্যতীত অন্যান্য নিয়োগ বিধিমালায় অনুরুপ পদের জন্য নির্ধারিত সর্বনিম্ন বয়সসীমা প্রযোজ্য হবে। তবে সর্বোচ্চ বয়সসীমা অনধিক ৬০ (ষাট) বছর হবে।

৬। সেবা গ্রহণের ক্ষেত্রে যোগ্যতা ঃ-

(ক) এমএলএসএস এর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এসএসসি পাশ এবং চতুর্থ শ্রেণীর অন্যান্য পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম অষ্টম শ্রেনী পাশ হতে হবে।

(খ) গাড়ীচালক এর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা এসএসসি পাশ হতে হবে ।

(গ) তৃতীয় শ্রেনীর অন্যান্য পদের ক্ষেত্রে কতৃপক্ষের সেবা প্রদানকারী জনবল নিয়োগের জন্য যোগ্যতা নির্ধারণ করতে পারবেন।

তবে শর্ত থাকে যে এ যোগ্যতা নিয়োগ বিধিমালার অনুরুপ পদের জন্য নির্ধারিত যোগ্যতার চেয়ে কম হবে না।

(চলমান পাতা)

৭।　সেবা গ্রহণের শর্ত ঃ-

আউট সোর্সিং (Out Sourcing) এর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে,

(ক)　কান ব্যক্তি বিশেষের সাথে কর্তৃপক্ষের চুক্তি (Contract) হবে না। স্বীকৃত প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদিত হবে। কোন ব্যক্তির নামে নিয়োগপত্র ইস্যু করা যাবে না;

(খ)　আউট সোর্সিং এর পদগুলি কি ধরণের হবে, এর নিয়োগ যোগ্যতা, বয়স,শারীরিক/ মানসিক সুস্থতা ইত্যাদি পদ সৃষ্টির জি,ও-তে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে। কোন ক্ষেত্রে জি,ও-তে এগুলোর উল্লেখ না থাকলে নিয়োগকারী কতৃপক্ষ অনুরুপ পদ রয়েছে এমন কোন নিয়োগ বিধিমালা এবং এতদবিষয়ে সরকার কর্তক অনুমোদিত/জারীকৃত নির্দেশনা অনুসরণ করে নিয়োগ যোগ্যতা নির্ধারণ করতে হবে;

(গ)　যে সকল পদের বিপরীতে সেবা গ্রহণ করা হবে সে সকল পদের জন্য সংস্থাপন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতিসহ অর্থ বিভাগ কর্তৃক পৃষ্ঠাংকিত জি,ও থাকতে হবে;

(ঘ)　পদ সৃষ্টির জি,ও-তে যে সংখ্যক পদ আউট সোর্সিং এর জন্য সৃষ্টি করা হবে তার অধিক লোকবলের সেবা আউট সোর্সিং এর মাধ্যমে গ্রহণ করা যাবে না।

(ঙ)　ড্রাইভারের সেবা আউট সোর্সিং এর মাধ্যমে গ্রহণের ক্ষেত্রে গাড়ীসহ ড্রাইভারের সেবা গ্রহণকে অগ্রাধিকার প্রদান করতে হবে;

(চ)　আউট সোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত আইন, বিধিমালা, নির্দেশনা ইত্যাদি অনুসরণযোগ্য হবে।

স্বাক্ষরিত/-
০৭-০৮-২০০৮ ইং
(ড. মোহাম্মদ তারেক)
সচিব
অর্থ বিভাগ।

নং-অম/অবি/ব্যঃনিঃ-৫/বিবিধ-১/২০০৭/৫৯৭　　　　তারিখ ঃ ০৭-০৮-২০০৮ ইং।

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১।　মন্ত্রিপরিষদ সচিব/মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়/ সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা।

২।　মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ।

৩।　সচিব/ভারপ্রাপ্ত সচিব ........................................................ (সকল মন্ত্রণালয়/বিভাগ)।

৪।　চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৫।　মহামান্য রাষ্ট্রপতির একান্ত সচিব।

৬।　মাননীয় প্রধান উপদেষ্টার একান্ত সচিব।

৭।　অর্থ বিভাগের সকল কর্মকর্তা ..........................................................

৮।　অর্থ উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ।

৯।　সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ।

07/08/2008

(তহমিনা বেগম)
উপ-সচিব-২(ব্যঃনিঃ)
ফোন ঃ ৭১৬০৫০৩